

মাধ্যমিক শিক্ষার উন্নতি ও মানোন্নয়ন

স্বাধীনতা নানা মহল হইতে দেশের মাধ্যমিক শিক্ষার মানোন্নয়ন ও উন্নতির জন্য শিক্ষকদের আরো দায়িত্বশীল ভূমিকার উপর গুরুত্ব আরোপ করা হইয়াছে। বলার অপেক্ষা রাখে না শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ জন্মদাতা শিক্ষকের দায়িত্ব। ছাত্র-ছাত্রীরা যাহাতে পাঠ ও ক্লাসের প্রতি অধিক মনোযোগী হইয়া ওঠে সেজন্য পাঠ্যবিষয় ও ক্লাসকে আকর্ষণীয় করিয়া তুলিতে হয়। এযুগে শিক্ষার পদ্ধতি পাল্টাইয়া গিয়াছে। এই যুগোপযোগী শিক্ষার প্রতি শিক্ষার্থীদের মনোযোগী করিয়া তুলিতে পারিলেই কেবল শিক্ষার সার্বিক উন্নতি সম্ভব। এক্ষেত্রে শিক্ষকদের দায়িত্বই যে সর্বাধিক তাহা বোধকরি না বলিলেও চলে।

গতানুগতিক শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়া শিক্ষার মানোন্নয়ন ও আধুনিক উন্নত শিক্ষা সম্ভব নয়। পঠন, পাঠন ও জ্ঞানচর্চায় যাহাতে শিক্ষার্থীদের আগ্রহ বৃদ্ধি পায় সেই লক্ষ্যেই শিক্ষাদান পদ্ধতিকে নতুনভাবে বিন্যস্ত করিতে হইবে। শিক্ষকদের মূল কাজই হইল শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধকে বৃদ্ধি করা। এই দায়িত্ব ও কর্তব্যের কথা বিস্মৃত হইলে শিক্ষার মূল লক্ষ্যই ব্যাহত হইবে। আমরা প্রায়শই দেখিতে পাই দেশের বিভিন্ন স্থানে মাধ্যমিক স্কুলের শিক্ষা ব্যবস্থায় নানা ত্রুটি-বিচ্ছাদিত ও সমস্যা। এই বিষয়গুলি পর্যালোচনা করিলে বুঝিতে কষ্ট হয় না যে কিছু ব্যতিক্রম ব্যাধি বেশিরভাগ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানেরই সার্বিক পরিস্থিতি মোটেও স্বস্তিজনক নয়। কোথাও ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানে শৈথিল্য, কোথাও শিক্ষা প্রতিষ্ঠানে দলাদলি, কোথাও শিক্ষক ও ম্যানেজিং কমিটির মধ্যে ঘনু। এইসব ঘটনার পরিণাম হইতেছে অবশ্যম্ভাবী শিক্ষার মানে ক্রমঅধোগতি।

মাধ্যমিক শিক্ষা হইতেছে শিক্ষার অত্যন্ত গুরুত্বপূর্ণ স্তর। এক্ষেত্রে শিক্ষার এই পরিস্থিতি চলিতে থাকিলে সামগ্রিকভাবে শিক্ষার মানেরই অবনতি ঘটবে। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখা যায় এমনকি শহরেও হাতেগোনা কিছু ভালো বা নামকরা স্কুলে ভর্তির ভিড়। অঞ্চল যাহা হওয়া উচিত তাহা হইল দুই-দশটি কেবল ভালো স্কুল নয় সব স্কুলকেই ভালো ও মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়িয়া তোলা। দুঃখের বিষয় হইতেছে, বেশির ভাগ ক্ষেত্রেই ইহার বিপরীত চিত্রই আমাদের চোখে পড়ে। অনেক স্কুলেই নিয়মিত ক্লাস হয় না, প্রাইভেট পড়া অনিবার্য হইয়া পড়ে। প্রাইভেট টিউটর রাখার মতো আর্থিক সামর্থ্য অনেক অভিভাবকেরই নাই। ফলে অনেক মেধাবী শিক্ষার্থীকেও দুর্ভাগ্যজনক মূল্য দিতে হয় যাহা যোগ্যেই বাঞ্ছনীয় নয়।